



# ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

মাদরাসা পরিদর্শন দপ্তর

[www.iau.edu.bd](http://www.iau.edu.bd) [iauins13@gmail.com](mailto:iauins13@gmail.com)

বাড়ি নং-১২৪/২২ ব্লক-এ, সড়ক নং-০৩, ওয়েস্ট ধানমন্ডি, বহিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১।

স্মারক নং-ইআবি/পরি/কামিল-প্রা.পা/বরি-১৪১/২০১৯/১৫৬৮২

তারিখ: ১৮ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ  
০৩ মার্চ ২০২৬ খ্রিষ্টাব্দ

## অফিস আদেশ

কামিল শ্রেণিতে প্রাথমিক পাঠদান অনুমতির বিষয়ে ওয়ায়েজ আবাদ মোস্তাফাভীয়া কামিল মাদরাসা (WAIZABAD MUSTAFAVIA KAMIL MADRASAH, EIIN:102538, CODE: 17021) ডাকঘর: ওয়ায়েজ আবাদ, উপজেলা ও জেলা: পটুয়াখালী-এর অধ্যক্ষের ১৫.০৯.২০২৫ তারিখের আবেদনের পরিপ্রেক্ষিতে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের তৃতীয় সংবিধি-২০২৩ এর অনুচ্ছেদ ১৩ এর গ অনুযায়ী গঠিত পরিদর্শন কমিটির দাখিলকৃত প্রতিবেদনের আলোকে অনুচ্ছেদ-১৩ এর ও মোতাবেক নিম্নোক্ত শর্তে ০৩.০৩.২০২৬ খ্রি. থেকে ০২.০৩.২০২৯ খ্রি. পর্যন্ত ০৩ (তিন) বছরের জন্য কামিল (স্নাতকোত্তর) ২ বছর মেয়াদি কোর্সে হাদিস বিভাগ প্রাথমিক পাঠদানের অনুমতি প্রদান করা হলো:

### শর্তসমূহ:

- ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষ থেকে কামিল (স্নাতকোত্তর) ২ বছর মেয়াদি হাদিস বিভাগের ভর্তির কার্যক্রম চালু হবে।
- কামিল (স্নাতকোত্তর) হাদিস বিভাগে পাঠদানের জন্য ০২ (দুই) জন দক্ষ ও অভিজ্ঞ শিক্ষক নিয়োগ দিতে হবে।
- কামিল (স্নাতকোত্তর) হাদিস বিভাগের জন্য স্বতন্ত্র ০২ (দুই) টি কক্ষ নির্ধারণ করতে হবে।
- কামিল (স্নাতকোত্তর) হাদিস বিভাগের ন্যূনতম ১০০ (একশত) রেফারেন্স গ্রন্থ ক্রয় করতে হবে।
- লাইব্রেরিতে রেফারেন্স গ্রন্থের তালিকা অধ্যক্ষ মহোদয় কর্তৃক প্রত্যয়নকৃত রেজিস্টার খাতায় এন্ট্রি করতে হবে।
- কামিল (স্নাতকোত্তর) হাদিস বিভাগে ন্যূনতম ৬০-৭০ জন শিক্ষার্থী ভর্তির লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।
- কুরআন শিক্ষার ওপর বিশেষ গুরুত্ব প্রদানের পাশাপাশি আরবি ও ইংরেজি ভাষায় শিক্ষার্থীদের বিশেষ দক্ষতা অর্জনের জন্য ল্যাংগুয়েজ ক্লাব চালুর কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- প্রত্যেক শ্রেণিকক্ষের নাম ফলক বাংলা, আরবি ও ইংরেজিতে লিখতে হবে।
- গর্ভনিং বডি কর্তৃক একাডেমিক কমিটি, অডিট কমিটি, ক্রয় কমিটি, সাংস্কৃতিক কমিটিসহ অন্যান্য কমিটি গঠন করে কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে।
- মাদরাসার সকল ক্রয় গর্ভনিং বডির অনুমোদন সাপেক্ষে পাবলিক প্রকিউরমেন্ট বিধি অনুযায়ী করতে হবে।
- সকল আয়-ব্যয় গর্ভনিং বডির অনুমোদন নিতে হবে এবং কলামনার ক্যাশ বই ও ভাউচার আপডেট রাখতে হবে।
- শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের হাজিরা বহিতে অধ্যক্ষ মহোদয়ের প্রত্যয়ন থাকতে হবে।
- অধ্যক্ষ মহোদয়ের জন্য মুভমেন্ট রেজিস্টার থাকতে হবে ও সকল শিক্ষকের ছুটি রেজিস্টার যথাযথভাবে সংরক্ষণ করতে হবে এবং মাদরাসার জমির দলিল যথাযথভাবে সংরক্ষণ করতে হবে।
- প্রাথমিক পাঠদান অনুমতির মেয়াদ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ০৮ (আট) মাস পূর্বে অধিভুক্তির জন্য আবেদন করতে হবে।

ভাইস চ্যান্সেলর মহোদয়ের অনুমোদনক্রমে

  
০৩/০৩/২৬

(মুহাম্মদ মাহফিজুর রহমান)  
সহকারী মাদরাসা পরিদর্শক  
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

অধ্যক্ষ

ওয়ায়েজ আবাদ মোস্তাফাভীয়া কামিল মাদরাসা

ডাকঘর: ওয়ায়েজ আবাদ, উপজেলা ও জেলা: পটুয়াখালী।

স্মারক নং-ইআবি/পরি/কামিল-প্রা.পা/বরি-১৪১/২০১৯/১৫৬৮২

তারিখ: ১৮ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ  
০৩ মার্চ ২০২৬ খ্রিষ্টাব্দ

### সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি:

১. মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস (৭ম এবং ১০ম তলা), নিউ বেইলি রোড, রমনা, ঢাকা-১০০০।
২. চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, বকশী বাজার, ঢাকা-১২১১।
৩. রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় (একাডেমিক কাউন্সিলের সভায় রিপোর্ট করার জন্য)।
৪. ভাইস চ্যান্সেলর মহোদয়ের একান্ত সচিব, ভাইস চ্যান্সেলর দপ্তর (ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫. আইসিটি বিভাগ, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৬. সভাপতি, ওয়ায়েজ আবাদ মোস্তাফাভীয়া কামিল মাদরাসা, ওয়ায়েজ আবাদ, পটুয়াখালী।
৭. অফিস নথি।

  
০৩/০৩/২৬

(মুহাম্মদ মাহফিজুর রহমান)  
সহকারী মাদরাসা পরিদর্শক  
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়